# রূপালী ব্যাংক লিমিটেড
উত্তম সেবার নিশ্চয়তা

**ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ**

কার্যক্রম নং-১.৫ এর

# প্রমাণক

## তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ

(০১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত)

| ক্রমিক নং | প্রচার কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| ০১ | তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে সকল বিভাগীয় কার্যালয়, স্থানীয় কার্যালয় ও আরবিটিএসহ মাঠপর্যায়ে শাখাসমূহের মাধ্যমে এ বিষয়ে প্রচারপত্র বিতরণ অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | চলমান প্রক্রিয়া (প্রমাণক সংযুক্ত। |
| ০২ | তথ্য অধিকার আইন, ২০০৯ ও এ আইন সংশ্লিষ্ট বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মতবিনিময় সভা আয়োজন করা হয়। | প্রতি ত্রৈমাসিকে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহদয়ের (আপীল কর্মকর্তা) সভাপতিত্বে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভার অফিস নোটিশ ও সভার ছবি, সংবাদপত্রে প্রকাশের ক্লিপিং এতদসংযুক্ত। |

(মোঃ রহমতুল্লাহ সরকার)
উপমহাব্যবস্থাপক
ও
সভাপতি
তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা
বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি

রূপালী ব্যাংক লিমিটেড
RUPALI BANK LIMITED

প্রধান কার্যালয়, সাধারণ বীমা টাওয়ার, ৩৭/এ, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
**ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ**
Phone: 9512165, E-mail:ho-mis@rupalibank.org

সূত্র নং: প্রকা/ব্যতবি/আরটিআই/২০২২-২৩/১৬ তারিখঃ ১১/০৬/২০২৩

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় কার্যালয়/আরবিটিএ
রূপালী ব্যাংক লিমিটেড

**বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী মূল্যায়ন সূচকসমূহের লক্ষ্যমাত্রার বিপরীতে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে রূপালী ব্যাংক লিমিটেড এর ২০২২-২৩ অর্থবছরের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী মূল্যায়ন সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে তথ্য অধিকার আইন, ২০০৯ ও এ আইন সংশ্লিষ্ট বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রমের অংশ হিসেবে কর্তৃপক্ষের অনুমোদিত প্রচারপত্রটি জনসাধারণের মাঝে বিতরণের জন্য অত্র বিভাগ থেকে গত ১২/১২/২০২২ তারিখে পত্র সূত্র নং- প্রকা/ব্যতবি/৫৭৭-এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়।

উক্ত নির্দেশনা অনুযায়ী তথ্যের অবাধ প্রবাহ ও জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের উদ্দেশ্যে প্রচারপত্রটির বিতরণ অব্যাহত রাখা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে সর্বসাধারণকে সচেতন করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। আপনাদের সুবিধার্থে প্রচারপত্রের নমুনা (Softcopy) পুনরায় আপনাদের ই-মেইল ঠিকানায় প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ হারুনুর রশীদ)
মহাব্যবস্থাপক

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

# রূপালী ব্যাংক লিমিটেড
উত্তম সেবার নিশ্চয়তা

## ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ

**তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক**

**তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে সচেতন হোন**

তথ্য অধিকার আইন অনুসারে তথ্য গ্রহণ ও প্রদান করুন

তথ্যের অপব্যবহার থেকে বিরত থাকুন

### তথ্য প্রাপ্তির অনুরোধ

কোন ব্যক্তি তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিত বা ইলেক্ট্রনিক মাধ্যমে আবেদন করতে পারবেন। তথ্য অধিকার বিধিমালা,২০০৯ এর তফসিলে নির্ধারিত ফরম-ক পূরণ করে তথ্যের জন্য আবেদন করতে হবে। চাহিত তথ্যাবলী সন্নিবেশিত করে সাদা কাগজে বা ই-মেইলেও তথ্য প্রাপ্তির জন্য আবেদন করা যাবে।

### তথ্য প্রদান পদ্ধতি ও মূল্য পরিশোধ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনধিক ২০ কার্যদিবসের মধ্যে এবং ক্ষেত্র বিশেষে (একাধিক ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে) অনধিক ৩০ কার্যদিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারনে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারন অনুরোধকারীকে অবহিত করবেন। তথ্য প্রাপ্তির ক্ষেত্রে অনুরোধকারীকে তথ্যের জন্য নির্ধারিত যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে।

**তথ্য মূল্য পরিশোধের চালান কোড: ১-৩৩০১-০০০১-১৮০৭**

**"তথ্য সবার অধিকার, থাকবে না কেউ পেছনে আর"**

### ব্যাংক কর্তৃপক্ষ নিম্নবর্ণিত বিষয়-সংশ্লিষ্ট তথ্যাবলী সাধারণ জনগণকে প্রদান করতে পারবেঃ

১. ব্যাংকের আমানত, ২. ঋণ-অগ্রীম ও বিনিয়োগ সংক্রান্ত; ৩. ব্যাংকের সম্পদ ও দায় সংক্রান্ত; ৪. ব্যাংকের আয়-ব্যয় সংক্রান্ত; ৫. ব্যাংকের মূলধন সংক্রান্ত; ৬. ব্যাংকের নিয়ন্ত্রণকারী অফিস/শাখা, ৭. ই-ব্যাংকিং প্রডাক্ট, ৮. মানব সম্পদ নিয়োগ পদ্ধতি; ৯. সেবার বিপরীতে ফিস/কমিশন; ১০. ব্যাংকের রেটিং স্ট্যাটাস, ১১. সি এস আর সংক্রান্ত; ১২. আমানত ও ঋণ অগ্রীমের বিভিন্ন প্রডাক্ট; ১৩. বৈদেশিক রেমিট্যান্স ও বৈদেশিক বানিজ্য সংক্রান্ত; ১৪. খেলাপী ঋণের হার; ১৫. করেসপন্ডেন্ট এজেন্ট, কর্পোরেট ইনফরমেশন; মালিকানার প্রকৃতি; ১৬. ব্যাংকের পরিচালনা ও তদারকি সংক্রান্ত (আগাম তথ্য ব্যতীত); ১৭. ব্যাংক সংক্রান্ত অন্যান্য সাধারণ তথ্য যা ব্যাংকের স্বার্থবিরোধী নয়।

### ব্যাংক কর্তৃপক্ষ যেসকল তথ্য সাধারণ জনগণকে প্রদান করতে পারবে নাঃ

১. আমানতকারীর হিসাবের তথ্য (গ্রাহকের সম্মতি ব্যতীত); ২. ঋণ হিসাবধারীর ঋণ হিসাবের তথ্য (গ্রাহকের সম্মতি ব্যতীত); ৩. ঋণ খেলাপীর তথ্য (গ্রাহকের সম্মতি ব্যতীত); ৪. ব্যাংকে রক্ষিত লকার হিসাবের তথ্য (গ্রাহকের সম্মতি ব্যতীত); ৫. মুদ্রার বিনিময় হার ও সুদের হার পরিবর্তনজনিত আগাম তথ্য; ৬. পরিচালক পরিবর্তনের আগাম তথ্য; ৭. ঋণ আদায়ের জন্য আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থার আগাম তথ্য; ৮. ব্যাংক পরিচালনা ও তদারকী সংক্রান্ত যে কোন আগাম তথ্য; ৯. ব্যাংকের অফিসিয়াল/দাপ্তরিক নোটশিট বা নোটশিটের প্রতিলিপি; ১০. ব্যাংকের স্বার্থবিরোধী অন্যান্য সাধারণ তথ্য।

**"সংকটকালে তথ্য পেলে, জনগণের মুক্তি মেলে"**

### আপীল দায়ের ও নিষ্পত্তি

তথ্য অধিকার আইন,২০০৯ অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে তথ্যের জন্য আবেদন করে যদি কোন নাগরিক নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য না পান বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তে সন্তুষ্ট না হন, তাহলে আবেদনকারী প্রতিকার পাওয়ার জন্য "আপীল কর্তৃপক্ষ"-এর কাছে আপীল দায়ের করতে পারবেন। তথ্য অধিকার বিধিমালা,২০০৯ এর তফসিলে নির্ধারিত "গ" ফরম পূরণ করে আপীল দায়ের করতে হয়।

কোন সংক্ষুব্ধ ব্যক্তি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আপীল দায়ের করলে আপীল কর্তৃপক্ষ একটি শুনানীর আয়োজন করবেন। তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তার বক্তব্য শুনবেন এবং সংক্ষুব্ধতার কারণ ও প্রার্থিতা প্রতিকারের যুক্তিসমূহ বিবেচনা করে সিদ্ধান্ত দিবেন।

**"তথ্য অধিকার, সংকটে হাতিয়ার"**

### অভিযোগ দায়ের ও নিষ্পত্তি

আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্তে আবেদনকারী সন্তুষ্ট না হলে, তিনি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন। আবার কোন কর্তৃপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ না করলে আপীল দায়ের না করেই আবেদনকারী সরাসরি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন। তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালা দ্বারা নির্ধারিত "ক-ফরম" পূরণ করে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে হবে।

**ওয়েবসাইটঃ-** তথ্য কমিশন: www.infocom.gov.bd
রূপালী ব্যাংক: www.rupalibank.com.bd
**সরকারি তথ্য ও সেবা হটলাইন নাম্বার: ৩৩৩**

প্রচারে- রূপালী ব্যাংক লিমিটেড
উত্তম সেবার নিশ্চয়তা

রূপালী ব্যাংক লিমিটেড
RUPALI BANK LIMITED

প্রধান কার্যালয়, সাধারণ বীমা টাওয়ার, ৩৭/এ, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
**ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ**
Phone: 9512165, E-mail:ho-mis@rupalibank.org

সূত্র নং: প্রকা/ব্যতবি/আরটিআই/২০২২-২৩/১৭ তারিখঃ ১১/০৬/২০২৩

## নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে রূপালী ব্যাংক লিমিটেড এর ২০২২-২৩ অর্থবছরের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী মূল্যায়ন সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে তথ্য অধিকার আইন, ২০০৯ ও এ আইন সংশ্লিষ্ট বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আগামী ১৩/০৬/২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ভিডিও কনফারেন্স রুম (৩য় তলা), প্রধান কার্যালয়, রূপালী ব্যাংক লিমিটেড-এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয় সভাপতিত্ব করবেন মর্মে সম্মতি জ্ঞাপন করেছেন। তথ্যের অবাধ প্রবাহ ও জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত উক্ত সভায় এ ব্যাংকের প্রধান কার্যালয় সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধানগণ সশরীরে এবং বিভাগীয় কার্যালয় ও আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে Zoom Apps এর মাধ্যমে নির্ধারিত সময়ে সংযুক্ত হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, Zoom Apps এর মাধ্যমে সংযুক্ত হওয়ার জন্য প্রয়োজনীয় ID ও Password যথাসময়ে আপনাদের ই-মেইল ঠিকানায় প্রেরণ করা হবে।

(মোঃ রহমতুল্লাহ সরকার)
উপমহাব্যবস্থাপক
ও
সভাপতি
তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা
বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি

# রূপালী ব্যাংক লিমিটেড

উত্তম সেবার নিশ্চয়তা

## ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ






রূপালী ব্যাংক লিমিটেড

উত্তম সেবার নিশ্চয়তা

## ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ





রূপালী ব্যাংক লিমিটেড
উত্তম সেবার নিশ্চয়তা

## ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ



## রূপালী ব্যাংক লিমিটেড
উত্তম সেবার নিশ্চয়তা

### ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ

#### সংবাদ ক্লিপিং

পত্রিকার নাম– পৃষ্ঠা নং– ১২

তারিখ – ১৫/৫/২৬ কলাম – ৩-৫

**NEW AGE**



Rupali Bank Limited organises a view exchange meeting on ensuring seamless flow of information at its head office in Dhaka on Tuesday. Rupali Bank managing director and chief executive officer Mohammad Jahangir presided over the event. Among others, deputy managing director Tahmina Akhter and Hassan Tanvir, general managers Md Foyez Alam and Mohammad Shahedur Rahman were present. — Press release

#### সংবাদ ক্লিপিং

পত্রিকার নাম– পৃষ্ঠা নং– ৩

তারিখ – ১৫/০৫/২৬ কলাম – ৫-৮

The Daily Share Biz

**শেয়ার বিজ**

### রূপালী ব্যাংকে তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতে মতবিনিময় সভা অনুষ্ঠিত

রাষ্ট্রীয় মালিকানাধীন রূপালী ব্যাংক লিমিটেডে তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রচার কার্যক্রম বিষয়ে এক মতবিনিময় সভা গত মঙ্গলবার অনুষ্ঠিত হয়। ব্যাংকের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ জাহাঙ্গীর। সভায় উপস্থিত ছিলেন—ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক তাহমিনা আখতার ও হাসান তানভীর, মহাব্যবস্থাপক মো. হারুনুর রশীদ, মো. ফয়েজ আলম, মোহাম্মদ শাহেদুর রহমান, মো. ইসমাইল হোসেন শেখ, তানভীর হাসনাইন মইন, সালামুন নেছা ও প্রধান তথ্য কর্মকর্তা মো. রহমতুল্লাহ সরকার। এছাড়া প্রধান কার্যালয় ও সব বিভাগীয় কার্যালয়ের প্রধানরা ভার্চুয়াল মাধ্যমে এতে অংশ নেন। বিজ্ঞপ্তি



# রূপালী ব্যাংক লিমিটেড

উত্তম সেবার নিশ্চয়তা

## ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ

### সংবাদ ক্লিপিং

পত্রিকার নাম–

পৃষ্ঠা নং– ৪

তারিখ – ১৫/৬/২৩

কলাম – ৫-৮

মুক্ত প্রাণের প্রতিধ্বনি

ভোরের কাগজ



রূপালী ব্যাংক লিমিটেডে তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রচার কার্যক্রম বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বিজ্ঞপ্তি

## রূপালী ব্যাংকে মতবিনিময় সভা অনুষ্ঠিত

**কাগজ প্রতিবেদক :** রাষ্ট্র মালিকানাধীন রূপালী ব্যাংক লিমিটেডে তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রচার কার্যক্রম বিষয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুমে এ বিষয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ জাহাঙ্গীর। সভায় প্রচার কার্যক্রম হিসেবে প্রচারপত্র বিতরণের পাশাপাশি এ বিষয়ে মাঠ পর্যায়ে উদ্ভূত সমস্যা সমাধানে ইতোমধ্যে আয়োজিত তথ্য অধিকার আইন ও বিধিবিধানের আলোকে গ্রাহক সমাবেশ ও কর্মশালার বিষয়ে আলোচনা হয়।

সভায় উপস্থিত ছিলেন ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক তাহমিনা আখতার ও হাসান তানভীর, মহাব্যবস্থাপক মো. হারুনুর রশীদ, মো. ফয়েজ আলম, মোহাম্মদ শাহেদুর রহমান, মো. ইসমাইল হোসেন শেখ, তানভীর হাসনাইন মইন, সালামুন নেছা ও প্রধান তথ্য কর্মকর্তা মো. রহমতুল্লাহ সরকার।

### সংবাদ ক্লিপিং

পত্রিকার নাম–

পৃষ্ঠা নং– ১০

তারিখ – ১৫/০৬/২৩

কলাম – ১-৬

বৃহস্পতিবার ১৫ জুন ২০২৩

বণিক বার্তা

তথ্যেই অগ্রগতি

## রূপালী ব্যাংকে তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতে মতবিনিময় সভা



রাষ্ট্র মালিকানাধীন রূপালী ব্যাংক লিমিটেডে তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ১৩ জুন ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুমে সভায় সভাপতিত্ব করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ জাহাঙ্গীর। উপস্থিত ছিলেন ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক তাহমিনা আখতার ও হাসান তানভীর, মহাব্যবস্থাপক মো. হারুনুর রশীদ, মো. ফয়েজ আলম, মোহাম্মদ শাহেদুর রহমান, মো. ইসমাইল হোসেন শেখ, তানভীর হাসনাইন মইন, সালামুন নেছা ও প্রধান তথ্য কর্মকর্তা মো. রহমতুল্লাহ সরকার। এছাড়া প্রধান কার্যালয় ও সব বিভাগীয় কার্যালয়ের প্রধানরা ভার্চুয়ালি এতে অংশ নেন।

# রূপালী ব্যাংক লিমিটেড
উত্তম সেবার নিশ্চয়তা

## ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ





রূপালী ব্যাংক লিমিটেড
উত্তম সেবার নিশ্চয়তা

## ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ

রূপালী ব্যাংক লিমিটেড
উত্তম সেবার নিশ্চয়তা

প্রধান কার্যালয়, সাধারণ বীমা টাওয়ার, ৩৭/এ, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
**ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ**
Phone: 9512165, E-mail: ho-mis@rupalibank.org

আরবিএল/প্রকা/আরটিআই/ ২০২২-২৩/০৫ তারিখ : ২৬/০৯/২০২২

## অফিস আদেশ

তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকল্পে প্রণীত তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যে সকল প্রতিষ্ঠানের উপর এ আইনের প্রয়োগ বাধ্যতামূলক করা হয়েছে রূপালী ব্যাংক লিমিটেড এর অন্তর্ভূক্ত। কাজেই এ আইনের প্রয়োগের তারিখ অর্থাৎ গেজেট প্রকাশের তারিখ ০৬.০৪.২০০৯ হতে এ আইনের আলোকে জনগণকে তথ্য সেবা প্রদান করা রূপালী ব্যাংক লিমিটেড এর আইনগত দায়িত্ব ও কর্তব্য। এছাড়া, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে রূপালী ব্যাংক লিমিটেড এর সম্পাদিত ২০২২-২৩ অর্থবছরের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)অনুযায়ী ত্রৈমাসিক মূল্যায়নের নিমিত্ত সূচকসমূহের লক্ষ্যমাত্রার বিপরীতে ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে।

আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২২ বুধবার আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস। তথ্য অধিকার আইন ২০০৯ এবং এর বিধিবিধান সম্পর্কে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে প্রধান কার্যালয়ের কনফারেন্স হলে আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখ, সকাল ১০ ঘটিকায় মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন সংক্রান্ত রূপালী ব্যাংক লিমিটেড এর মূল্যায়ন কমিটির সকল সদস্যদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোল্যা মোঃ রেজাউল করিম)
উপমহাব্যবস্থাপক
ও
সভাপতি
তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা
বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি

রূপালী ব্যাংক লিমিটেড

উত্তম সেবার নিশ্চয়তা

## ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ






**রূপালী ব্যাংক লিমিটেড**
উত্তম সেবার নিশ্চয়তা

## ব্যবস্থাপনা ও তথ্য বিভাগ

পত্রিকার নাম– **দৈনিক জনকণ্ঠ**
তারিখ – ৪|১০|2022
পৃষ্ঠা নং–১৪
কলাম –১-৬

নীতির প্রশ্নে আপোসহীন
দৈনিক জনকণ্ঠ



অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে রূপালী ব্যাংক লিমিটেডের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ জাহাঙ্গীর। ব্যাংকের তথ্য ও ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক আয়োজিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোঃ শওকত আলী খান ও খান ইকবাল হোসেন।

পত্রিকার নাম– **দৈনিক মানবকন্ঠ**
তারিখ – ৪|১০|2022
পৃষ্ঠা নং–৭
কলাম –৫-৮

আমাদের ভাষা গণমানুষের
মানবকণ্ঠ



অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে রূপালী ব্যাংক লিমিটেডের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গত ২৮ সেপ্টেম্বর ২০২২, বুধবার ব্যাংকের প্রধান কার্যালয়ের কনফারেন্স হলে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোহাম্মদ জাহাঙ্গীর। ব্যাংকের তথ্য ও ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক আয়োজিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. শওকত আলী খান ও খান ইকবাল হোসেন। এছাড়াও মহাব্যবস্থাপক মো. হারুনুর রশিদ, কাজী আব্দুর রহমান, উপ-মহাব্যবস্থাপক মো. মাসুদুল হাসান ও প্রধান তথ্য কর্মকর্তা মোল্যা মো. রেজাউল করিম, বিকল্প তথ্য কর্মকর্তা ইশমে আরাসহ ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তারা এতে উপস্থিত ছিলেন। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসে তথ্য অধিকার আইনের বাস্তবায়ন এবং কর্মকর্তাদের মধ্যে এ আইনের প্রচারই ছিল সভার মূল উদ্দেশ্য। —সংবাদ বিজ্ঞপ্তি